

কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ে কর্মচারী নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা এবং অন্যান্য শর্তাবলীঃ

(ক) সাধারণ নিয়মাবলীঃ

১. আগ্রহী প্রার্থীদের এ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.kuriau.edu.bd) থেকে নির্ধারিত আবেদন ফরম ডাউনলোড করে তা যথাযথভাবে পূরণকরত: সকল পদের জন্য মূল সেটসহ ০৬ (ছয়) সেট আবেদনপত্র আগামী ২১-০৭-২০২৬ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত) নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে ডাকযোগে অথবা সরাসরি জমা দিতে হবে। বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।
২. আগ্রহী প্রার্থীদের আবেদনের সাথে ১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার মূল সনদ ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট/ নম্বরপত্র, প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদ, সদ্য তোলা পাসপোর্ট আকারের ০৩ (তিন) কপি রঙিন ছবি, জাতীয় পরিচয়পত্রের কপি, নাগরিকত্ব সনদ ইত্যাদি কাগজপত্র এবং 'রেজিস্ট্রার, কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়'-এর অনুকূলে যমুনা ব্যাংক পিএলসি, কুড়িগ্রাম শাখা, কুড়িগ্রাম হতে উত্তোলনযোগ্য (অফেরতযোগ্য) ৫০/- (পঞ্চাশ) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে।
৩. এই বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বয়স এবং অভিজ্ঞতার শর্তের যেকোন একটি শিথিল করা যেতে পারে।
৪. কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ সার্কুলার অনুযায়ী প্রযোজ্যমতে কোটা সংরক্ষণপূর্বক নিয়োগ প্রদান করা হবে। সেক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত সনদপত্রের অনুলিপি সংযুক্ত করতে হবে।
৫. চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
৬. অসম্পূর্ণ/ভুয়া তথ্য সম্বলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোনো তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালের যেকোন পর্যায়ে বা নিয়োগ প্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/সংশোধন, পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও বাতিলের অধিকার/ক্ষমতা সংরক্ষণ করে।
৭. প্রাপ্ত সকল আবেদনপত্র প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদের পরীক্ষার তারিখ ও সময় E-mail/ SMS এর মাধ্যমে অবহিত করা হবে। পরীক্ষায় উপস্থিত হবার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূল কপি অবশ্যই দেখাতে হবে।
৮. বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ/বাতিল করার অধিকার/ক্ষমতা সংরক্ষণ করে এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারনে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না।
৯. নিয়োগ সংক্রান্ত বিষয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।



(খ) কর্মচারি পদে আবেদনকারী প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা

ক্র. নং	পদবি	গ্রেড	জাতীয় বেতন স্কেল-২০১৫	সরাসরি নিয়োগের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	নিরাপত্তা প্রহরী	২০ তম	বেতন - ৮২৫০- ২০০১০/-	(ক) প্রার্থীকে বাংলাদেশের কোনো স্বীকৃত বোর্ড হতে এসএসসি/সমমান উত্তীর্ণ হতে হবে অথবা প্রার্থীকে বাংলাদেশের কোনো স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে ৮ম শ্রেণী/সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট বিষয়ে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (খ) বয়স: সর্বোচ্চ ৩২ বছর।
২.	মালি	২০ তম	বেতন - ৮২৫০- ২০০১০/-	(ক) প্রার্থীকে বাংলাদেশের কোনো স্বীকৃত বোর্ড হতে এসএসসি/সমমান উত্তীর্ণ হতে হবে অথবা প্রার্থীকে বাংলাদেশের কোনো স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে ৮ম শ্রেণী/সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ বাগান পরিচর্যা, গাছ-গাছালি রক্ষণাবেক্ষনে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (খ) বয়স: সর্বোচ্চ ৩২ বছর।
৩.	পরিচ্ছন্নতা কর্মী	২০ তম	বেতন - ৮২৫০- ২০০১০/-	(ক) প্রার্থীকে ৮ম শ্রেণী পাশ হতে হবে। হরিজন সম্প্রদায়ভুক্ত প্রার্থীর ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া যেতে পারে, সেক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের সনদ থাকতে হবে। (খ) বয়স: সর্বোচ্চ ৩২ বছর।

